



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
প্রধান কার্যালয়
বাড়ী নং-০৫, এডিনিউ-০৩, হাজী রোড, রুপনগর, মিরপুর-২, ঢাকা-১২১৬
www.pdbf.gov.bd




“প্রেস বিজ্ঞপ্তি”

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)-এর আঞ্চলিক প্রধানবর্গের সম্মিলন ও কর্মশালা, ২০২২ আগামী ৩১ আগস্ট হতে ০২ সেপ্টেম্বর, ২০২২ সময়কালে বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ-এ অনুষ্ঠিত হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য, এমপি উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করে সম্মিলন ও কর্মশালা উদ্বোধনে সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন। মাননীয় প্রতিমন্ত্রী অনুষ্ঠানে বার্ষিক কর্মসম্পাদন ও জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণের মধ্যে সনদ ও ফ্রেস্ট বিতরণ করবেন।

সম্মিলনে প্রধান কার্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ, পিডিবিএফ-এর ২৭টি অঞ্চলের আঞ্চলিক প্রধানবর্গ, অডিট দলের দলনেতাগণ এবং মাঠ পর্যায়ের অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ অংশগ্রহণ করবেন। সম্মিলনে পিডিবিএফ-এর ২০২১-২০২৫ খ. পর্যন্ত সময়কালের কৌশলপত্র উপস্থাপিত হবে। এছাড়া, সম্মিলনে সুফলভোগী সদস্যভুক্তি, দল ও সমিতি গঠন, ঋণ বিতরণ ও আদায়ের অগ্রগতি, স্বয়ম্ভরতার গতি-প্রকৃতি, ক্ষুদ্র ঋণ, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ, নারী উদ্যোক্তা ঋণ এবং কোভিড-১৯ প্রণোদনা ঋণ এবং কৃষি ঋণসহ পিডিবিএফ-এর বিভিন্ন সঞ্চয় পরিকল্পনার পরিচালন পদ্ধতি নিয়ে আলোচনা হবে।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মানিত সচিব ও পিডিবিএফ বোর্ড অব গভর্নর্স-এর চেয়ারপার্সন জনাব মোঃ মশিউর রহমান, এনডিসি, ০২ সেপ্টেম্বর ২০২২ তারিখে উক্ত সম্মিলন ও কর্মশালার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এ সমাপনী অনুষ্ঠানে সচিব মহোদয় ফাউন্ডেশনের কৃতী কর্মকর্তা/কর্মচারীদের প্রশংসাপত্র বিতরণ করবেন। উভয় অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন জনাব মুহম্মদ মঈদুদউর রশীদ সফদার, ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ (সাবেক সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার)।


26.08.22

(শহীদুল হক খান)
ভারপ্রাপ্ত পরিচালক
মাঠ পরিচালন বিভাগ
পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।